

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

১২ মে ২০০৯

বিআরপিডি সার্কুলার নং-০৮

তারিখঃ -----

২৯ বৈশাখ ১৪১৬

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ/প্রধান নির্বাহী,
বাংলাদেশের সকল বেসরকারী ব্যাংক।

প্রিয় মহোদয়,

বেসরকারী ব্যাংকের পরিচালনা পর্ষদ ও প্রধান নির্বাহীর
দায়-দায়িত্ব ও জবাবদিহিতা সম্পর্কিত বিধি-নিষেধ।

উপরিউক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং ১৬ তারিখঃ ২৪ জুলাই ২০০৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারের মাধ্যমে ঝণ ও ঝুঁকি ব্যবস্থাপনাসহ ব্যাংকের সামগ্রিক ব্যবসায়িক কার্যক্রম, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ, মানবসম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন, আয়-ব্যয় ইত্যাদিসহ বেসরকারী ব্যাংকসমূহের সার্বিক আর্থিক, পরিচালনাগত ও প্রশাসনিক নীতি-নির্ধারণী ও নির্বাহী কার্যক্রমে পরিচালনা পর্ষদ, পর্ষদের চেয়ারম্যান ও ব্যাংকের প্রধান নির্বাহীর মধ্যে দায়-দায়িত্ব ও ক্ষমতার সুনির্দিষ্ট বিভাজন করা হয়।

সম্প্রতি পরিলক্ষিত হয়েছে যে, উল্লিখিত সার্কুলারে নির্দেশিত বিধানাবলী লংঘন করে কতিপয় ব্যাংকের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ও পরিচালকগণ ঝণমঙ্গুর প্রক্রিয়া ও ব্যাংকের প্রশাসনিক কাজে অংশগ্রহণসহ ব্যাংকের দৈনন্দিন কাজে অংশগ্রহণ ও হস্তক্ষেপ করছেন। পরিচালনা পর্ষদ বা পর্ষদ কর্তৃক গঠিত কমিটির সভায় অংশগ্রহণ ব্যতিরেকেও তাঁদের অনেকে ব্যাংকের কর্মকর্তাদের অনুরূপ সার্বক্ষণিক ব্যাংকে অবস্থান করেন। এছাড়াও পরিলক্ষিত হয়েছে যে, কয়েকটি ব্যাংকের পরিচালকগণ সার্কুলারে নির্দেশিত বিধানাবলী লংঘন করে ব্যাংকের গাড়ী, টেলিফোন ও কক্ষ সুবিধা গ্রহণ এবং কর্মচারী/কর্মকর্তা নিয়োজিত করেছেন। উক্ত সার্কুলারে বর্ণিত সহায়ক কমিটির বাইরে অনেক ব্যাংকের পর্ষদ কর্তৃক অন্যবিধি আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক কমিটি গঠনের তথ্যে আমাদের গোচরীভূত হয়েছে। আরও পরিলক্ষিত হয়েছে যে, অনেক ব্যাংকের প্রধান নির্বাহীগণ ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ সহ অন্যান্য সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধানের যথাযথ পরিপালন নিশ্চিত করেন না এবং অনুরূপ লংঘনজনিত তথ্য বাংলাদেশ ব্যাংককে নিয়ম অনুযায়ী অবস্থিত করেন না। অনেক ব্যাংকে ঝণ ও ঝুঁকি ব্যবস্থাপনা সম্পর্কিত নীতিমালা, মানবসম্পদ ব্যবস্থাপনা উন্নয়ন সম্পর্কিত নীতিমালা ও চাকুরীবিধি, ক্রয় ও সংগ্রহ কার্যক্রমসহ আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কিত নীতিমালা এখনও প্রণীত হয়নি।

উল্লিখিত প্রকৃতির অনিয়মাদি উদ্বেগজনক ও তা সুশাসনের পরিপন্থী। বিআরপিডি সার্কুলার নং ১৬ তারিখঃ ২৪ জুলাই ২০০৩ এ নির্দেশিত বিধানাবলী যথাযথভাবে অনুসরণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো। এছাড়াও পরিচালনা পর্ষদ ও পর্ষদ কর্তৃক গঠিত কোন কমিটির সভায় ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক স্মারক উপস্থাপনকালে উত্থাপিত কোন বিষয়ে ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১সহ অন্যান্য সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধানের ব্যতায় ও লংঘন থাকলে সে সম্পর্কে সুনির্দিষ্টভাবে তথ্য প্রধান নির্বাহী কর্তৃক স্মারকে অন্তর্ভুক্ত করতে হবে।

এই সার্কুলার ব্যাংকের পরিচালনা পর্ষদের পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত

স্বাক্ষর

(আবু হেনা মোহাম্মদ রাজী হাসান)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৭১১৭৮২৫